দৈনিক জনকণ্ঠ
তারিখ
পৃষ্ঠা ৭ কলাম ৮
SEP 25 2002

# ঢাবি হলে পুলিশ ঢোকার আগে কর্তৃপক্ষের সিদ্ধান্ত লাগবে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সভায় সিদ্ধান্ত হয়েছে, এখন থেকে কোন হলে পুলিশ প্রবেশের আগে হল কর্তৃপক্ষের সিদ্ধান্ত নিতে হবে। উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ সভায় সভাপতিত্ব করেন। সভায় সকল হল প্রভোস্টকে একটি করে মোবাইল ফোন দেবার এবং হলের যে সব ছাত্রছাত্রীর এখনও পরিচয়পত্র নেই তাদের প্রয়োজনীয় পরিচয়পত্রের ব্যবস্থার সিদ্ধান্ত হয়েছে। এই পরিচয়পত্রের জন্য সকল হল কর্তৃপক্ষকে পাঁচ হাজার টাকা করে দেবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।